দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 1

022

# বাতিল পরীক্ষাকেন্দ্র ও পরীক্ষা

মাসখানেক হল এসএসসি পরীক্ষা শেষ হয়েছে। আগামী মাসের প্রথমে এইচএসসি পরীক্ষা শুরু হবে। এ পরীক্ষা অনুষ্ঠান নিয়ে নানা ধরনের জল্পনা-কল্পনা শুরু হয়েছে ইতিমধ্যে। এবার এসএসসি পরীক্ষায় নিঃসন্দেহে নকল হয়েছে আবার কড়াকড়ি আরোপ করা হয়েছে অন্যবারের চেয়ে অনেক বেশী। রাজধানী ঢাকাসহ অনেক শহরেই পরীক্ষা এবার হয়েছে মোটা-মুটি শান্তিপূর্ণভাবে। এ সকল কেন্দ্রে অবৈধ উপায় অবলম্বনের জন্য বহিস্কারের সংখ্যাও অন্যান্যবারের তুলনায় অনেক কম ছিল, তবে মফস্বলের বেশ কিছু এলাকায় পূর্ব ঐতিহ্য রক্ষার চেষ্টা হয়েছে দুঃখজনকভাবে। ফলে কতকগুলি এলাকায় পরীক্ষা কেন্দ্রসহ সকল পরীক্ষাই বাতিল করা হয়েছে।

একথা সত্য যে পরিস্থিতির উন্নতি হলে বাতিল পরীক্ষা কেন্দ্র হয়ত আবার স্বীকৃতি পাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উপজেলা সদরে পরীক্ষা কেন্দ্র রাখার সিদ্ধান্ত নিয়েছেন। এ ধরনের পরীক্ষা কেন্দ্রে প্রতি বছরই একই ঘটনা ঘটবে তা নিশ্চয়ই প্রত্যাশিত নয়, ফলে বাতিল পরীক্ষা কেন্দ্রগুলিতে নিশ্চয়ই আবার পরীক্ষা নেয়া হবে।

কিন্তু বাতিল পরীক্ষার কি হবে? এক শ্রেণীর ছাত্র এবং অভি-ভাবকের আবেদন হচ্ছে একের অপরাধে অন্য দন্ড পাবে কেন? পরীক্ষা কেন্দ্রে যাদের শান্তি বজায় রাখার দায়িত্ব তারা ব্যর্থ হলে সকল ছাত্রের শাস্তি পেতে হবে কেন?

এ ধরনের নানা প্রশ্ন আছে এ ধরনের কেন্দ্র সম্পর্কে। আমাদের ধারণা এ ঘটনাগুলি সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অবহিত। আমরা বিশ্বাস করি যে এ সম্পর্কে সহানুভূতির সাথেই সকল দিক বিবেচনা করা হবে। যতদূর সম্ভব নিরীহ নির্দোষ পরীক্ষার্থীদের যাতে অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখা হবে।